



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ জুলাই ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

সিএইচটি রেগুলেশন বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে কর্মসূচি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সহসভাপতি নুতন কুমার চাকমা অবিলম্বে আদালতের মাধ্যমে ১৯০০ সালের সিএইচটি রেগুলেশন বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবি জানিয়েছেন।

আজ ৮ জুলাই ২০২৪, সোমবার সংবাদ মাধ্যমে প্রেরিত এক বিবৃতিতে ইউপিডিএফ নেতা বলেন, সরকারের একটি বিশেষ গোষ্ঠী সেটলারদের সাথে মিলে আদালতকে ব্যবহার করে পার্বত্য চট্টগ্রামের রাজনৈতিক-প্রশাসনিক ব্যবস্থার বিশেষ বৈশিষ্ট্যসূচক ঐতিহাসিক স্মারক এই রেগুলেশনটি বাতিলের উদ্যোগ নিয়েছে। আগামী ১১ জুলাই সুপ্রীম কোর্টের আপিল বিভাগে এ বিষয়ে শুনানী হবে বলে জানা গেছে।

তিনি বলেন, উক্ত দাবিতে আগামীকাল ৯ জুলাই পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন জায়গায় বিক্ষোভ সমাবেশ এবং ১০ জুলাই সড়কে শান্তিপূর্ণ অবস্থান ধর্মঘট পালন করা হবে। কর্মসূচি সফল করতে সকলকে এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।